



Embassy of the People's Republic of Bangladesh
3510 International Drive, NW
Washington, D.C.

<https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease>



সংবাদ বিজ্ঞপ্তি

ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে বঙ্গবন্ধুর "স্বদেশ প্রত্যাবর্তন দিবস" পালিত

ওয়াশিংটন, ডিসি, ১০ জানুয়ারি, ২০২৩:

ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাসে আজ যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক 'স্বদেশ প্রত্যাবর্তন দিবস' পালন করা হয়।

বাঙালি জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগারে ২৯০ দিন বন্দী থাকার পর ১৯৭২ সালের ১০ জানুয়ারি লন্ডন ও নয়াদিল্লি হয়ে স্বাধীন বাংলাদেশে ফিরে আসেন।

এই ঐতিহাসিক দিবসটি স্মরণ করে এবং স্বাধীনতার মহান স্থপতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস এক অনুষ্ঠানের আয়োজন করে।

দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স ফেরদৌসী শাহরিয়ার এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারী কর্তৃক বঙ্গবন্ধুর আবক্ষ মূর্তিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

এরপর রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী পাঠ করে শোনান ডিফেন্স অ্যাটাচে ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শাহেদুল ইসলাম ও মিনিস্টার (পলিটিক্যাল-২) মোঃ রাশেদুজ্জামান।

পরে দিবসটির তাৎপর্য তুলে ধরে দূতাবাসের বঙ্গবন্ধু অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনায় অংশ নিয়ে দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স ফেরদৌসী শাহরিয়ার জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং বাঙালি জাতির দীর্ঘ প্রতিক্ষিত স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর দীর্ঘ ২৪ বছরের সংগ্রাম ও মহান আত্মত্যাগের কথা উল্লেখ করেন।

জাতির জন্য এই ঐতিহাসিক দিনটির তাৎপর্য তুলে ধরে ফেরদৌসী শাহরিয়ার বলেন, বঙ্গবন্ধুর বলিষ্ঠ নেতৃত্বে বাঙালি জাতি ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মহান মুক্তিযুদ্ধে চূড়ান্ত বিজয় ছিনিয়ে আনে। কিন্তু এই দিনে মহান নেতার স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয়ের আনন্দ পূর্ণতা পায়।

চার্জ দ্য অ্যাফেয়ার্স প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধুর আদর্শ ও মহান মুক্তিযুদ্ধের চেতনায় অনুপ্রাণিত হয়ে 'সোনার বাংলা' এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত-সমৃদ্ধ 'স্মার্ট বাংলাদেশ' গড়তে সবাইকে যার যার অবস্থান থেকে সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার অনুরোধ জানান।

বঙ্গবন্ধু ও ১৫ আগস্টের অন্যান্য শহীদের বিদেহী আত্মার মাগফেরাত এবং জাতির অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাতের মাধ্যমে কর্মসূচীর সমাপ্তি হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন কাউন্সেলর (পলিটিক্যাল-১) মোহাম্মদ মনিরুজ্জামান।

(এজেডএম সাজ্জাদ হোসেন)
মিনিস্টার (প্রেস)







Embassy of the People's Republic of Bangladesh
3510 International Drive, NW
Washington, D.C.

<https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease>



PRESS RELEASE

Bangladesh Embassy in Washington DC observes Bangabandhu's "Homecoming Day"

Washington, DC, 10 January, 2023:

The historic "Homecoming Day" of the greatest Bangalee of all time Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman was observed at the Bangladesh Embassy in Washington DC today in a befitting manner.

Bangabandhu, the undisputed leader of the Bangalee nation, returned to the sacred soil of independent Bangladesh via London and New Delhi on January 10 in 1972, after 290 days of confinement in Pakistan jail.

The Embassy arranged a program by remembering the landmark day and paid profound homage to the great architect of Independence.

The day's program started with placing of a floral wreath at the bust of Bangabandhu by the Embassy officials led by Charge d'Affaires of the Embassy Ferdousi Shahriar.

The messages of President Md. Abdul Hamid and Prime Minister Sheikh Hasina were read out by Defence Attaché Brigadier General Md Shahedul Islam and Minister (Political-II) Md Rashedujjaman.

Later, a discussion session was held at the Bangabandhu Auditorium of the Mission highlighting the significance of the day.

Taking part in the discussion, Charge d'Affaires of the Embassy Ferdousi Shahriar paid deepest homage to Bangabandhu who led the Bengali nation in achieving its long-cherished independence.

Highlighting the significance of the historic day for the nation, Ferdousi Shahriar said under Bangabandhu's unwavering leadership, the Bengali nation snatched ultimate victory in the great Liberation War on 16 December in 1971. With the homecoming of the great leader on this day, the joy of the final victory of the Liberation War was fulfilled, she added.

The Charge d'Affaires requested all to work from their respective positions with utmost sincerity and integrity under the leadership of Prime Minister Sheikh Hasina to build 'Sonar Bangla' (Golden Bangladesh) and a developed and prosperous 'Smart Bangladesh' by 2041 being imbued with the ideology of Bangabandhu and the spirit of the great Liberation War.

The program ended with offering special prayers seeking eternal peace of the departed souls of Bangabandhu and other martyrs of the August 15 carnage as well as continued peace, progress and prosperity of the nation. Mohammad Moniruzzaman, Counsellor (Political-I), conducted the program.

(AZM Sajjad Hossain)
Minister (Press)